



নং- ০৭.০৩.০০০০.০০৯.৩৭.১৪৪.১৫(খন্ড-৩)-১৫৯

তারিখ: ১৮-১১-২০২০ খ্রিঃ।

প্রাপক:

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়

শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগ এবং আপীল বিভাগের রায়ের প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনের আলোকে বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের অবসরপ্রাপ্ত/কর্মরত কর্মকর্তাগণের চাকুরী ১০ বছর পূর্তিতে ১/১১/২০০৩ খ্রিঃ তারিখের পূর্বে ৫ম গ্রেডে সিলেকশন গ্রেড এবং পরবর্তীতে ০৮ বছর পূর্তিতে ৪র্থ গ্রেডে টাইম স্কেলে বেতন নির্ধারণ সংক্রান্ত।

সূত্র: সিএএফও/শিক্ষা/শিক্ষা-৭/ওএসডি/২০২০/২৫৮ তারিখ: ২৮/১০/২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রিট পিটিশন নম্বর ১০৭০৪/১২ এর প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগের রায় (যা সূত্রস্থ পত্রের সাথে সংযুক্ত করা হয়েছে) প্রাপ্যতা অনুযায়ী বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের ৫৬৩ জন কর্মকর্তার ৫ম গ্রেডে সিলেকশন গ্রেডের সকল সুবিধা ০৮/০১/১৯৯৪ খ্রিঃ তারিখ হতে প্রদানের নির্দেশ প্রদান করা হয়। পাশাপাশি সূত্রস্থ পত্রে উল্লেখ রয়েছে যে উক্ত রিট পিটিশনের রায়ের বিরুদ্ধে আপিল বিভাগের উদ্দেশে সিভিল পিটিশন ফর লিভ নম্বর ৬২৩/২০১৭ সরকারের বিপক্ষে গিয়েছে এবং মামলার রায় "... The respondents are directed to allow **all the benefit** of selection grade to the petitioners in grade-V with effect from 08.01.1994 according to their entitlement." কার্যকর করার পক্ষে আইন ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সলিসিটর উইং এর মতামত পাওয়া গিয়েছে। সুতরাং, উক্ত সিলেকশন গ্রেডের যথার্থতা ও তা কার্যকর করার তারিখের বিষয়ে পুনরায় সম্মতি গ্রহণ বা নতুন করে কোনো প্রশ্ন উত্থাপনের সুযোগ নেই। বরং উক্ত রায় বাস্তবায়ন না করা হলে আদালত অবমাননার সম্মুখীন হতে হবে।

২। উক্ত সিলেকশন গ্রেড প্রদানের বিষয়ে মহামান্য হাইকোর্টের উপর্যুক্ত রায় বাস্তবায়নের জন্য প্রশাসনিক মন্ত্রণালয় আদেশ জারী করেছে এবং অর্থ বিভাগ বাজেট প্রদান করেছে মর্মে সূত্রস্থ পত্রের মাধ্যমে আপনার কার্যালয় কর্তৃক উল্লেখ রয়েছে। সুতরাং, এই রায় বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট বেতন নির্ধারণ ও বাজেট ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ এবং iBAS++ সংক্রান্ত বিষয়বলী প্রচলিত বিধি-বিধান, নির্দেশাবলী ও পদ্ধতি অনুযায়ী নিষ্পন্ন করতে হবে।

৩। এমতাবস্থায়, উল্লেখিত নির্দেশনার আলোকে বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের ৫৬৩ জন কর্মকর্তার সিলেকশন গ্রেড সংক্রান্ত মহামান্য হাইকোর্টের রায় অবিলম্বে বাস্তবায়নের জন্য আদিষ্ট হয়ে নির্দেশনা প্রদান করা হলো।

(মোঃ মামুন-উল-মামান)

অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি)

ফোন: ৪৮-৩১৬০৮৯

ইমেইল: addlccaacc@cga.gov.bd

নং- ০৭.০৩.০০০০.০০৯.৩৭.১৪৪.১৫(খন্ড-৩)-১৫৯

তারিখ: ১৮-১১-২০২০ খ্রিঃ।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা (সিজিএ ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।

৪. পিএস টু সিজিএ।

৫. অফিস কপি।

৬. গার্ড ফাইল।

(জোহরা তারা বেগম)

উপ হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি)

ফোন: ৮৩৯২৬১৩